



‘ইউজিসি অধ্যাপক’ নিযুক্ত হলেন ডাঃ এবিএম আবদুল্লাহ

প্রকাশিত: ১৮ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ আগামী দুই বছরের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের সাবেক ডিন, একুশে পদকপ্রাপ্ত অধ্যাপক ডাঃ এবিএম আবদুল্লাহকে ‘ইউজিসি অধ্যাপক’ হিসেবে মনোনীত করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইউজিসি নীতিমালা অনুসারে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা, গবেষণা ও প্রকাশনায় অবদান রাখা অবসরপ্রাপ্ত গবেষক এবং অধ্যাপকদের এই বিশেষ অধ্যাপনার সুযোগ দেয়া হয়। এ বছর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মোট চারজন অধ্যাপককে এই পদে মনোনীত করা হয়েছে। বাকি তিনজন হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের সাবেক অধ্যাপক ড. ফখরুল আলম, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান আকন্দ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার প্রকৌশল বিভাগের সাবেক অধ্যাপক ড. খোরশেদ আহমেদ কবির।

গত ৬ আগস্ট ইউজিসি চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ-এর সভাপতিত্বে এক সভায় সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাচিত চার অধ্যাপক নিজস্ব পছন্দ অনুযায়ী যে কোন বিশ্ববিদ্যালয় অথবা গবেষণা ইনস্টিটিউটে নিযুক্ত হবেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com